

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়  
বরিশাল বিভাগ

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশালের নৈতিকতা কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী


সভাপতি	মো: জাহাজীর আলম আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক
সভার তারিখ	২২/০৬/২০২২ খ্রি.
সভার সময়	সকাল ১০-০০ ঘটিকা
স্থান	আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশালের সভাকক্ষ
উপস্থিতি	হাজিরা বিবরণী সংযুক্ত

সভায় উপস্থিত নৈতিকতা কমিটির সদস্যগণকে সভাপতি স্বাগত জানান। অতঃপর সকলের সাথে কুশল বিনিময় শেষে আলোচ্যসূচি মোতাবেক সভার কাজ শুরু করা হয়। সভার আলোচনা ও সিদ্ধান্ত নিম্নে উপস্থাপন করা হলো :

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশালের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ বাস্তবায়নের অন্তরায় ও প্রতিকার	<p>সভাপতি আলোচনার শুরুতেই বলেন, জাতীয় শুদ্ধাচার কৌশলের মূল লক্ষ্য হলো শুদ্ধাচার চর্চা ও দুর্নীতি প্রতিরোধের মাধ্যমে রাষ্ট্র ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা করা। তাই শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সকলকে সচেতন থাকতে উপস্থিত সকলকে নির্দেশনা প্রদান করেন। অতঃপর আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশালের ২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৪র্থ ত্রৈমাসিক এর লক্ষ্যমাত্রা ও বাস্তবায়ন পরিস্থিতি পর্যালোচনা করা হয়। এতে দেখা যায়, ৪র্থ কোয়ার্টারে কার্যক্রম ১.৩ (সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা অনুষ্ঠান), ১.৪ (শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন), ১.৫ (টিওএন্ডইভুজ্ঞ অকেজো মালামাল বিনষ্টকরণ), ১.৬ (জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ এর ৩য় ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দপ্তর/সংস্থায় দাখিল ও ওয়েবসাইটে আপলোডকরণ), ১.৭ (শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ) ইতোমধ্যে বাস্তবায়িত হয়েছে। কার্যক্রম ৩.১ হতে ৩.৫ এর বিষয়ে নিম্নরূপ নির্দেশনা বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় :</p>	<p>১। বিদ্যুৎ ও পানির সশ্রমী/সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণ বিষয়ে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণের অনুকূলে নির্দেশনামূলক পত্র জারী করতে হবে।</p>	<p>নেজারত শাখা, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল।</p>
		<p>১। বিদ্যুৎ ও পানির সশ্রমী/সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণ বিষয়ে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণের অনুকূলে নির্দেশনামূলক পত্র জারী করতে হবে।</p>		

<p>২। শুদ্ধাচার কর্মপরিকল্পনা, ২০২১-২২ বাস্তবায়ন ও প্রমাণকসহ অগ্রগতি প্রতিবেদন প্রেরণ বিষয়ে আওতাধীন দপ্তরসমূহকে তাগিদপত্র প্রদান করতে হবে।</p>	<p>২। শুদ্ধাচার বাস্তবায়নের বিষয়ে আওতাধীন জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়সমূহকে আগামী ৩ (তিন) দিনের মধ্যে পুনরায় তাগিদপত্র প্রদান করতে হবে।</p>	<p>প্রশাসন শাখা, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল।</p>
<p>৩। যথাসময়ে কর্মস্থলে উপস্থিত হওয়া, অফিস সময়ে বিনা অনুমতিতে কর্মস্থলের বাইরে না যাওয়া এবং অফিস সময় শেষ হওয়ার পূর্বে কর্মস্থল ত্যাগ না করার জন্য সতর্ক করে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশালের কর্মকর্তা-কর্মচারীগণের অনুকূলে পুনরায় পত্র প্রেরণ করতে হবে। তাছাড়া অত্র দপ্তরের ২৭ সেপ্টেম্বর, ২০২১ তারিখের ২৫৭(১১) নং স্মারকাদেশ মোতাবেক প্রধান সহকারী, অত্র দপ্তর এ বিষয়ে লিখিত প্রতিবেদন দাখিল করবেন।</p>	<p>৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশালে কর্মরত কোন কর্মকর্তা-কর্মচারী কর্তৃপক্ষের পূর্বানুমতি গ্রহণ ব্যতিরেকে সকাল ৯-০০ ঘটিকার পরে অফিসে আগমন করেন কিনা এবং বিকাল ৫-০০ ঘটিকার পূর্বে অফিস ত্যাগ করেন কিনা সে বিষয়ে প্রধান সহকারী, অত্র দপ্তর আগামী ৩ (তিন) দিনের মধ্যে লিখিত প্রতিবেদন দাখিল করবেন।</p> <p>৪। যথাসময়ে কর্মস্থলে উপস্থিত হওয়া, অফিস সময়ে বিনা অনুমতিতে কর্মস্থলের বাইরে না যাওয়া এবং অফিস সময় শেষ হওয়ার পূর্বে কর্মস্থল ত্যাগ না করার জন্য সতর্ক করে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশালের কর্মকর্তা-কর্মচারীগণের অনুকূলে পুনরায় পত্র প্রেরণ করতে হবে।</p>	<p>প্রধান সহকারী/প্রশাসন শাখা, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল।</p>
<p>৫। নৈতিকতা সম্পর্কিত নতুন পোস্টার/লিফলেট/ভাজ তৈরির ও বিলির ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p>	<p>৫। আগামী ০৩ দিনের মধ্যে নৈতিকতা সম্পর্কিত নতুন ৫০ (পঞ্চাশ) টি পোস্টার/লিফলেট/ভাজ তৈরি ও বিলির ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p>	<p>নেজারত শাখা, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল।</p>

সভায় আর কোন আলোচ্য সূচী না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মো: জাহাঙ্গীর আলম  
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.৩২.১৬৬.১৭.১৭৩৪


তারিখ: ১৩ আষাঢ় ১৪২৯

২৭ জুন ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর

- ২) জেলা খাদ্য নিয়ন্ত্রক, পটুয়াখালী/বরগুনা/ঝালকাঠি/বরিশাল/ভোলা/পিরোজপুর
- ৩) উপ-বিভাগীয় প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব), আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল
- ৪) সহকারী রসায়নবিদ, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল
- ৫) আঞ্চলিক রক্ষণাবেক্ষণ কর্মকর্তা, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল
- ৬) জনাব মোসুমী আক্তার, খাদ্য পরিদর্শক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল
- ৭) জনাব মোঃ মিজানুর রহমান, প্রধান সহকারী, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল
- ৮) জনাব মোঃ লোকমান, উচ্চমান সহকারী, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল
- ৯) শাখা প্রধান, মজুদ/হিসাব/নেজারত/অডিট/মাননিয়ন্ত্রণ, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল



মো: জাহাঙ্গীর আলম  
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক